দৈনিক বাংলা

তারিখ 19/2/85
পৃষ্ঠা ৮/1 কলাম ৫

037

## বিএ পরীক্ষার ফল ঃ ১১ কলেজে কেউ পাস করেনি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৪ সালের বিএ পাস এবং বিএ ও বিএসএস সাবসিডিয়ারী পরীক্ষার ফল সোমবার ঘোষণা করা হয়েছে। বিএ (পাস) পরীক্ষায় মোট ৮৩৭৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১৮৫৯ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ২২ দশমিক

শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ

## বিএ পরীক্ষা

(১ম পৃঃ পর)

২ ভাগ।

পরীক্ষার্থীদের মধ্যে কেউ প্রথম বিভাগে পাস করেননি। দ্বিতীয় বিভাগ পেয়েছেন ৩৭০ জন। মোট ১১টি কলেজ থেকে কোন পরীক্ষার্থী উত্তীর্ণ হতে পারেননি।

বিএ ও বিএসএস সাবসিডিয়ারী পরীক্ষায় মোট ২৮৯৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১৭৯৪ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার ৬২ দশমিক শূন্য ভাগ।